

আমার মন, যখন জাগলি না রে
 ও তোর মনের মানুষ এল দ্বারে ।
 তার চলে যাওয়ার শব্দ শুনে ভাঙল রে ঘুম -
 ও তোর ভাঙল রে ঘুম অন্ধকারে ॥
 মাটির 'পরে আঁচল পাতি একলা কাটে নিশীথরাতি ।
 তার বাঁশি বাজে আঁধার-মাঝে, দেখি না যে চক্ষে তারে ॥
 ওরে, তুই যাহারে দিলি ফাঁকি খুঁজে তারে পায় কি আঁখি ?
 এখন পথে ফিরে পাবি কি রে ঘরের বাহির করলি যারে ?।

Parjaay: Puja, Taal: Dadra, Style: Baul

Visit www.geetabitan.com for notation and other detail